**SA II - 2016 - 17**
**Class - X**
**Subject - Bengali**

সময় - ৩ ঘন্টা — সর্বমোট অঙ্ক - ৯০

*Time : 3 Hrs.* — *Maximum Marks - 90*

## Section - A (Reading)

### বোধ পরীক্ষণ

1. নীচের অনুচ্ছেদটি পড়ে সঙ্গে দেওয়া প্রশ্নগুলির উত্তর দাও। উত্তরের জন্য তিনটি বিকল্প বাক্য দেওয়া আছে। সঠিক উত্তরটি তা থেকে বেছে লিখতে হবে। 2+2+1 = 5

ঠাকুর্দার বাড়ি থেকে ফিরছিল ভূষণ আর নমিতা। কথা ছিল গণ-কল্যাণ সমিতির কয়েকটা বিষয়ে জরুরী আলোচনা হবে ঠাকুর্দার ঘরে বিকালে । সমিতির এখনও তিনজনই মাত্র সভ্য। অ্যাডমিনিস্ট্রেটর বাগচি সাহেব ওদের জানিয়েছেন যে সেদিনকার দাবী তিনি মেনে নিয়েছেন। নতুন পঞ্চায়েত গঠন করা হবে। এতে পাঁচটা ব্লকের পাঁচজন সভ্য নির্বাচিত করতে হবে। রীতিমত গণ-ভোট! অবশ্য ভোটের অধিকার থাকবে শুধু পরিবার পিছু একজনেরই। যাঁর নামে প্লট। একদল আপত্তি করেছিল। তাদের মতে প্রত্যেক প্রাপ্তবয়স্ক লোকেরই ভোট থাকা উচিত। যোগেন, ভূষণ প্রভৃতি নব্যপন্থীরাও এই মতের স্বপক্ষে ছিল। ঠাকুর্দা কিন্তু এটা মেনে নেননি। তিনি বলেন - জিনিসটা অতবেশি ব্যাপক করলে গণ্ডগোল বাড়বে। চোরাই ভোট দেবার চেষ্টা হবে। হিসাবও বড় হয়ে পড়বে। প্লট হোল্ডারের সংখ্যা জানা আছে - তাদের পাকা লিস্ট আছে । অন্তত এবারের মতো তাদের ভোট নিয়েই পঞ্চায়েত গঠন করা হোক। সাহেব ঠাকুর্দার মতই মেনে নিয়েছেন। যোগেন, কানাই অথবা ভূষণও আর আপত্তি করেনি।

ক) পরিবার পিছু কজনের ভোটের অধিকার -

i) একজনের

ii) প্রত্যেক প্রাপ্তবয়স্ক লোকেরই

iii) দুই জনের

খ) ঠাকুর্দার বাড়ি থেকে কারা ফিরছিল ?

i) কানাই আর নমিতা

ii) ভূষণ আর কানাই

iii) ভূষণ আর নমিতা

গ) ''সাহেব ঠাকুর্দার মতই মেনে নিয়েছেন'' - বাক্যটিকে জটিল বাক্যে পরিণত করলে হবে-

i) সাহেব বলেই ঠাকুর্দার মত মেনে নিয়েছেন।

ii) ঠাকুর্দা যে মত দিয়েছেন তা সাহেব মেনে নিয়েছেন।

iii) সাহেব মত দিলেন এবং ঠাকুর্দা তা মেনে নিলেন।

2. নীচের অনুচ্ছেদটি পড়ে সঙ্গে দেওয়া প্রশ্নগুলির উত্তর দাও, উত্তরের জন্য তিনটি বিকল্প বাক্য দেওয়া আছে। সঠিক উত্তরটি তা থেকে বেছে লিখতে হবে।

দুনিয়া কারও জন্যে বসে থাকে না। মাতৃবিয়োগের শোকও ভুলতে হয় একদিন কমলাকে। তার চারিদিকে বিপদের বহুমুখী উদ্যতফনা নাগিনী! চোখের জল মুছে ফেলতে হল তাকে। অনাথার আবার শোক কিসের ? যন্ত্রচালিতের মতো কাজ করে যায়। সব কাজের হারানো খেই একে একে তুলে নেয় হাতে। দৈনন্দিন কার্য-তালিকা তার আবার পূর্ববৎ হল। শুধুমাত্র ব্যতিক্রম সকাল সন্ধ্যায় হাসপাতাল যাওয়াটা রইল বন্ধ। মাঝে মাঝে উদাস হয়ে বসে থাকে। ভাবে, তার অতীত জীবনের কথা - অনিশ্চিত ভবিষ্যতের কথা। তার ছেলেবেলাকার সাথীদের মনে পড়ে। বন্ধু তার ছড়ানো আছে সারা বাংলায়। যেখানে যেখানে তার বাবা বদলি হয়েছেন সেখানেই তার আলাপ হয়েছে নতুন বন্ধুদের সঙ্গে।

ক) কমলার বন্ধু ছড়ানো আছে কোথায় ? 2+2+1

i) সারা পৃথিবীতে

ii) সারা ভারতবর্ষে

iii) সারা বাংলায়

খ) কমলা উদাস হয়ে বসে কি ভাবে ?

i) বর্তমান জীবনের কথা

ii) অতীত জীবনের কথা - অনিশ্চিত ভবিষ্যতের কথা

iii) ভবিষ্যত জীবনের কথা - অনিশ্চিত বর্তমানের কথা।

গ) কার্য - তালিকা শব্দটির ব্যাস বাক্য সহ সমাস কোনটি ?

i) কার্যের তালিকা - তৎপুরুষ

ii) কার্য এবং তালিকা - কর্মধারয়

iii) কার্য যে তালিকা - দ্বন্দ্ব

3. নীচের অনুচ্ছেদটি পড়ে সঙ্গে দেওয়া প্রশ্নগুলির উত্তর দাও। উত্তরের জন্য তিনটি বিকল্প বাক্য দেওয়া আছে সঠিক উত্তরটি তা থেকে বেছে লিখতে হবে। 2+2+1 = 5

কালো কড়া কফিটা খেয়েও কিছুতেই মেজাজ ঠিক হচ্ছে না রোজেলিনার । বেলা দু'টো বাজতে চলল প্রায়, সকালে ব্রেকফাস্ট একটু বেশি হয়ে যাওয়ায় আজ লাঞ্চ করেনি সে । ব্রুস-এর অ্যাপার্টমেন্ট থেকে বেরিয়ে এমনিই সামনের বড় রাস্তাটা ধরে হাঁটছিল রোজেলিনা। এলোমেলো, আনমনা। বেশ ঠাণ্ডা আজ, এই রোদভরা দুপুরেও সকলেই প্রায় লম্বা জ্যাকেট আর টুপি পরে বেরিয়েছে। রোজেলিনার শীত বা গ্রীষ্ম-বোধ বরাবরই বেশ কম, তার গলায় একটা মখমলের স্কার্ফ আর হাতে উলের দস্তানা ছাড়া আর কিছুই নেই তেমন। ম্যানহাটানের কুখ্যাত শনশনে হাওয়ায় তার সোনালি চুল দিব্যি উড়ছে এদিক-ওদিক।

ক) রোজেলিনা কি পরে বেরিয়ে ছিল ?

i) জ্যাকেট আর টুপি

ii) মখমলের স্কার্ফ আর হাতে উলের দস্তানা

iii) জ্যাকেট আর হাতে উলের দস্তানা

খ) কালো কড়া কফি খেয়ে রোজেলিনার মেজাজ কেমন ছিল ?

i) মেজাজ অত্যন্ত খারাপ ছিল

ii) মেজাজ ঠিক হচ্ছিল না

iii) মেজাজ খুবই ভালো ছিল

গ) "রোদভরা দুপুরেও সকলেই প্রায় লম্বা জ্যাকেট আর টুপি পরে বেরিয়েছে।" -এই বাক্যটি সাধুভাষায় লিখলে হবে -

i) রোদভরা দুপুরেও সকলেই প্রায় লম্বা জ্যাকেট আর টুপি পরিয়া বাহির হইয়াছে।

ii) রোদভরা দুপুরেও সকলেই প্রায় লম্বা জ্যাকেট আর টুপি পরিয়া বেরিয়েছে।

iii) রোদভরা দুপুরেও সকলেই প্রায় লম্বা জ্যাকেট আর টুপি পরে বাহির হইয়াছে।

4. নীচের অনুচ্ছেদটি পড়ে সঙ্গে দেওয়া প্রশ্নগুলির উত্তর দাও। উত্তরের জন্য তিনটি বিকল্প বাক্য দেওয়া আছে। সঠিক উত্তরটি তা থেকে বেছে লিখতে হবে । 2+2+1 = 5

ওদের পোশাকআশাক ফরমাল, মাথায় টুপি। আমাদের শুধু হাসির মাধ্যমেই শুভেচ্ছা বিনিময় হল। কেউ তো কারও ভাষা জানি না। আমাদের কাছে ক্ষমা চেয়ে নিয়ে তারা বেরিয়ে গেলেন। এই দম্পতির চোখ-মুখ অবিকল ছবিতে দেখা রেড ইণ্ডিয়ানদের মতো। এঁরা দু'জনেই দীর্ঘকায়, এবং হাবেভাবে আভিজাত্য ঝরে পড়ছে। মিগুয়েল বললে, মাসি-মেসো দিন সাতেকের জন্য এসেছেন। ইতিমধ্যে ছোট নাতি-নাতনি দু'টি এসে দিদিমার গায়ে পড়ছে। অবিকল আমাদের দেশের মতো। সংসারে আত্মীয়স্বজন এসে আতিথ্য নেন। ছেলেমেয়েরা মা-ঠাকুমার গায়ে পড়ে। আমার খুব ইচ্ছে

ছিল একটি খাঁটি পেরুভিয়ান পরিবারের সাক্ষাৎ পাওয়ার । সে ইচ্ছে আমার পরিপূর্ণ হল। এমন সময় বড় ছেলেটি ফিরল, হাতে একটি ঠোঙা, খাবার টেবিলে একটি বড় প্লেটে ঠোঙাটা উপুড় করল। ওমা, এ কী ! এ তো বাঙালি খাবার । মালপো ? গোকুল পিঠে ? না, রসবড়া ? মিগুয়েলের শাশুড়ি বললেন, ওরা তো দোকানে বানিয়েছে, বেশি ভাল না, আমি এটা খুব ভাল বানাতে পারি বাড়িতে । এমন কপাল আজকে ঘরে কিছু নেই। দোকান থেকে খাবার এনে দিতে হল। আমার মনে হল, কলকাতায় কোনও মা-মাসির কথা শুনছি।

ক) লেখকের কোন ইচ্ছা পরিপূর্ণ হল ?

i) একটি খাঁটি পরিবারের সাক্ষাৎ পাওয়ার ।

ii) একটি খাঁটি পেরুভিয়ান পরিবারের সাক্ষাৎ পাওয়া ।

iii) একটি পরিবারের সাক্ষাৎ পাওয়া।

খ) প্লেটে ঠোঙাটা উপুড় করার পর লেখক অবাক হলেন কেন ?

i) সুস্বাদু খাবার দেখে।

ii) বাঙালি খাবারের গন্ধে।

iii) বাঙালি খাবারের মত খাবার দেখে।

গ) শুভেচ্ছা শব্দটি সন্ধি বিচ্ছেদ করলে হবে।

i) শুভ + ইচ্ছা

ii) শু + ইচ্ছা

iii) শুভা + ইচ্ছা

## Section - B

নির্মিতি (রচনা)

## Writing (Composition)

5. তোমাদের বিদ্যালয়ে দশম শ্রেণীর সবক'টি বিভাগের জন্য আগামী বুধবার একটি বিজ্ঞান বিষয়ক প্রদর্শনী হবে। প্রদর্শিত সকল মডেলই বিদ্যালয়ে তৈরী করতে হবে । স্কুলের দায়িত্বপ্রাপ্ত ছাত্র প্রতিনিধি হিসেবে নোটিস-বোর্ডের জন্য একটি বিজ্ঞপ্তি লেখ। 5

**অথবা**

তোমাদের এলাকায় একটি ফুটবল প্রতিযোগিতা হবে, তোমাদেরই ক্লাবের উদ্যোগে। এলাকার সকল মানুষকে আমন্ত্রণ জানিয়ে একটি বিজ্ঞপ্তি লেখ।

6. আমাদের সমাজের পণপ্রথার বিরুদ্ধে একটি প্রতিবেদন লেখ। 5

**অথবা**

বন্যপ্রাণী সংরক্ষণ করার প্রয়োজনীয়তা জানিয়ে একটি প্রতিবেদন লেখ।

## Section - C

## ব্যাকরণ

## Grammar

7. নীচের প্রতিটি প্রশ্নে একই শব্দের তিনটি করে বানান দেওয়া হয়েছে। সঠিক বানানটি বেছে লেখ। $1 \times 5 = 5$

ক) সম্মান / সন্মান / সন্মাণ

খ) শুণ্য / শুন্য / শূন্য

গ) ব্যাকরণ / ব্যকরণ / ব্যাকরন

ঘ) অভিশাপ / অভিসাপ / অভিষাপ

ঙ) আবিষ্কার / আবিস্কার / আবিশ্কার

8. বিসর্গ-সন্ধি সম্পর্কিত নীচের প্রতিটি প্রশ্নের জন্য তিনটি করে উত্তর দেওয়া আছে। সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখ। $1 \times 5 = 5$

ক) 'যশঃ + লিপ্সা' সন্ধি করলে হয় -

i) যশঃলিপ্সা

ii) যশোলিপ্সা

iii) যশলিপ্সা

খ) 'মনস্তুষ্টি' সন্ধি-বিচ্ছেদ করলে হয় -

i) মনঃ + তুষ্টি

ii) মনোঃ + তুষ্টি

iii) মন + তুষ্টি

গ) 'নিঃ + ঈশ্বর' সন্ধি করলে হবে -

i) নিরিশ্বর

ii) নিরীশ্বর

iii) নিরীশ্বরঃ

ঘ) 'দুরদৃষ্ট' - সন্ধি বিচ্ছেদ করলে হবে -

i) দুঃ + আদৃষ্ট

ii) দুঃ + অদৃষ্ট

iii) দু + অদৃষ্ট

ঙ) 'নিঃ + রজ' - সন্ধি করলে হয় -

i) নিরজ

ii) নীরজ

iii) নীরজঃ

9. বাক্যের রূপান্তরসাধন সম্পর্কিত নিম্নলিখিত প্রশ্নগুলির প্রতিটির সঙ্গে তিনটি করে বিকল্প উত্তর দেওয়া আছে। সঠিক উত্তরটি বেছে লেখ। $1 \times 5 = 5$

ক) 'অশ্বারোহী পর্বতের উপর হইতে দেখিল, চারিজনে এক জনকে বাঁধিয়া রাখিয়া চলিয়া গেল' - এই বাক্যটির জটিল রূপ হবে -

i) চারিজনে একজনকে বাঁধিয়া রাখিয়া চলিয়া গেল এবং অশ্বারোহী তাহা পর্বতের উপর হইতে দেখিল।

ii) যখন চারিজনে এক জনকে বাঁধিয়া রাখিয়া চলিয়া গেল তখন অশ্বারোহী তাহা পর্বতের উপর হইতে দেখিল।

iii) অশ্বারোহী পর্বতের উপর হইতে দেখিল, চারিজনে একজনকে বাঁধিয়া রাখিয়া চলিয়া গেল।

খ) ''যদি সে আসে তবে আমি যাব'' - এই বাক্যটির সরল রূপ হবে -

i) সে আসবে এবং আমি যাব।

ii) সে আসলে আমি যাব।

iii) যখন সে আসবে তখন আমি যাব।

গ) ''তুমি খেলার সময় আসবে'- এই বাক্যটির জটিল রূপ হবে -

i) খেলা হবে এবং তুমি তখন আসবে।

ii) যখন খেলার সময় হবে তখন তুমি তখন আসবে।

iii) খেলার সময় হলে তুমি আসবে ।

ঘ) ‘‘যদি ভয় পাও তবে ঈশ্বরকে স্মরণ কর’’ - এই বাক্যটির সরল রূপ হবে -

i) ভয় পেলে ঈশ্বরকে স্মরণ কর।

ii) ভয় পাবে এবং ঈশ্বরকে স্মরণ করবে।

iii) যখনই ভয় পাবে তখনই ঈশ্বরকে স্মরণ করবে।

ঙ) ‘‘কর্ণ মহাবীর হলেও চিরদিন কৃপার পাত্র’’ - এই বাক্যটির যৌগিক রূপ হবে -

i) কর্ণ কিন্তু মহাবীর তবু চিরদিন কৃপার পাত্র -

ii) কর্ণ মহাবীর কিন্তু চিরদিন কৃপার পাত্র।

iii) যদিও কর্ণ মহাবীর তবুও চিরদিন কৃপার পাত্র।

10. নীচের প্রশ্নগুলি ‘একই শব্দের বিভিন্ন অর্থে প্রয়োগ’ বিষয়ক। প্রশ্নগুলির সঙ্গে দেওয়া তিনটি করে উত্তরের থেকে বেছে নিয়ে সঠিক উত্তরটি লেখ। $1\times5 = 5$

ক) অর্থ শব্দটি কোথায় ‘ধন’ হিসাবে ব্যবহার করা হয়েছে ?

i) শুধু পড়লে হয় না অর্থ বুঝতে হয়।

ii) অর্থই অনর্থ ঘটায়

iii) এ কথা বলার অর্থ কী ?

খ) ‘পা’ শব্দটি কোথায় অঙ্গ অর্থে ব্যবহৃত হয়েছে ?

i) পা চালিয়ে চল, সন্ধ্যের আগে পৌঁছতে হবে।

ii) পড়ে গিয়ে ছেলেটার পা ভেঙেছে।

iii) হাতের লক্ষ্মী পায়ে ঠেলো না।

গ) ‘মাটি’ শব্দটি কোথায় জন্মভূমি অর্থে ব্যবহৃত হয়েছে ।

i) ও আমার দেশের মাটি
তোমার ’পরে ঠেকাই মাথা

ii) রাস্তার দু’ধারে মাটি ফেলে যা অবস্থা হয়েছে তা বলার নয়।

iii) সব কাজ মাটি হয়ে গেল।

ঘ) 'কান' শব্দটি কোথায় শাস্তি অর্থে ব্যবহৃত হয়েছে ?

i) কানের মাথা খেয়েছ নাকি ? এত করে বললাম শুনলেই না।

ii) কথা না শোনার জন্য মার কাছে কানমলা খেল ছেলেটা।

iii) তোমার কানে কানে বলব।

ঙ) 'ছোট' শব্দটি 'অনুজ' অর্থে কোথায় ব্যবহার করা হয়েছে -

i) এত ছোট বিষয়ে খেয়াল না করাই ভালো।

ii) ছোট মুখে বড় কথা মানায় না ।

iii) ও আমার ছোট ভাই।

## Section - D

## সাহিত্য

## Literature (Text and Supplementary Reader)

11. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ ঃ 5

"পল্লীর সাহিত্য, সম্পদের মধ্যে এই গানগুলি অমূল্য রত্ন বিশেষ।"

অথবা

"সাহেব নিজের এই অবিকল অনুকরণ দেখিয়া সন্তোষলাভ করেন নাই।"

12. "সম্মুখে দেখ, জয় নন্দাদেবী ! জয় ত্রিশূল।"

i) লেখকের নাম লেখ।

ii) কে কাকে এই কথা বলেছিল ?

iii) 'নন্দাদেবী' 'ত্রিশূল' পর্বত দেখে উদ্দিষ্ট ব্যক্তির কি প্রতিক্রিয়া হয়েছিল। 1+2+2 = 5

অথবা

"ইউরোপ, আমেরিকা দেশে বড়ো বড়ো বিদ্বানদের সভা আছে, যাকে বলা হয়, 'Folk lore Society'."

i) লেখকের নাম লেখ।

ii) কোন্ প্রসঙ্গে লেখক এই উক্তিটি করেছেন ?

iii) 'Folk lore Society' - র কাজ কি ?

13. "একবার এই নদীতীরে আমার এই প্রিয়জনের পার্থিব অবশেষ চিতানলে ভস্মীভূত হইতে দেখিলাম।"

i) কোন্ নদীর কথা বলা হয়েছে ? 1+2+2 = 5

ii) এই সময় বক্তা নদীকে কি কি প্রশ্ন করেছিলেন ?

iii) নদী কি উত্তর দিয়েছিল ?

অথবা

''পিতা তাঁহার স্বভাব বুঝিয়া চলিতেন।''

ক) বক্তা কে ?

খ) বক্তা কার সম্পর্কে কেন এই উক্তি করেছেন ?

গ) বক্তা কেন এই মন্তব্যটি করেছেন, তা বুঝিয়ে দাও।

14. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ ঃ- 5

''স্থাপিলা বিধুরে বিধি স্থাণুরললাটে,

পড়ি কি ভূতলে শশী যান গড়াগড়ি ধূলায় ?

**অথবা**

''জানে না কে কোথা যাবে, জোটে হেথা, তাই ভাবে

পাঠশালা - যেন পান্থশালা।''

15. ''হেনকালে হায় যমদূতপ্রায় কোথা হতে এল মালী।'' 1+2+2 = 5

i) কার লেখা, কোন্ কবিতার অংশ ?

ii) মালীর ছুটে আসার কারণ কি ?

iii) এরপর উপেন কি ধরেণর ব্যবহার পেয়েছিলেন ?

**অথবা**

''কহো, মহারথী, একি মহারথী প্রথা ?''

i) মূলকাব্যগ্রন্থের নাম কি ?

ii) কে, কাকে 'মহারথী' বলে সম্বোধন করেছে ?

iii) 'মহারথী প্রথা' বলতে বক্তা কি বোঝাতে চেয়েছেন ?

16. ''আর সবি গেছিভুলি, ভুলিনি এ মুখগুলি, -''

i) কার লেখা, কোন্ কবিতার অংশ ?

ii) কোন্ মুখগুলি কবি ভুলে গেছেন ?

iii) কি কারণে কবি মুখগুলি ভুলতে পারেন নি ? 1+2+2 = 5

**অথবা**

''ভাবিলাম হায় আর কি কোথায় ফিরে পাব সে জীবন।''

i) বক্তা কে ?

ii) বক্তা কোথায় বসে এরূপ ভাবছেন ?

iii) তার স্মৃতিচারণার বর্ণনা দাও।

17. ''অন্ধকার রাজপুরে নাগাদিত্যের বিধবা মহিষী পাঁচ বছরের রাজকুমারকে নিয়ে নির্জন ঘরে বসে রইলেন।'' 1+2+2 = 5

i) রাজকুমারের নাম কি ?

ii) নাগাদিত্যের মৃত্যুর কারণ কি ?

iii) মহিষী রাজকুমারকে কার হাতে তুলে দিলেন ও কি করলেন ?

**অথবা**

''মা চিতোরের সিংহাসনে বসতে হলে কি চাই তা জানো ?'

i) উক্তিটি কার ?

ii) চিতোরের সিংহাসনে বসতে গেলে কি প্রয়োজন বর্ণনা কর ।

iii) বক্তার মা কি বিশ্বাস করেন না ও কি বিশ্বাস করেন ?

18. দেখতে দেখতে হাম্বিরের চোখের সামনে খানিকটা পাথরের দেওয়াল দু-ফাঁক হয়ে সরে গেল।'

i) হাম্বির কি খোঁজ করতে এসেছিলেন ?

ii) দেওয়ালের ফাঁক দিয়ে তিনি কি দেখেছিলেন ?

iii) এরপর হাম্বির কি করলেন ? 1+2+2 = 5

**অথবা**

''মহারাণী ! আমি মহা পাপী ; আমি চিতোরের সিংহাসনে বসবার উপযুক্ত নই।''

i) কার উক্তি ?

ii) কিভাবে তিনি নিজের পরিচয় জানতে পারলেন ?

iii) নিজেকে মহাপাপী বলার কারণ কি ?

—※—



ED